# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 10-08-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) নিট প্রশ্ন ফাঁসের প্রতিবাদে পড়ুয়াদের আন্দোলনে পুলিশি তৎপরতার অভিযোগ সহ একাধিক ইস্যুতে বিরোধীদের হই হট্টগোলের জেরে সংসদের উভয় সভার অধিবেশন আজও দফায় দফায় ব্যাহত।

২) ট্রাইবুনাল সংস্কার বিল, খনি এবং খনিজ সম্পদ সংশোধনী বিল ২০২৬, ও কেরালার নাম পরিবর্তন সংক্রান্ত বিল লোকসভায় পেশ হয়েছে ।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে "হর ঘর তিরঙ্গা অভিযান"-এ যুক্ত হতে এবং নিজেদের বাড়িতে জাতীয় পতাকা উত্তোলনের আহ্বান জানিয়েছেন।

# হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ কলকাতায় তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়েছে।

৪) চাকরির পরিকশায় প্রশ্ন ফাঁসের অভিযোগে বিক্ষোভ রত পড়ুয়ারা আজ বিধানসভায় অভিযান করছে ।

৫) ডুরান্ড কাপ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ সিআইএসএফ প্রটেক্টরসের বিরুদ্ধে খেলবে।।

OOOOOOOOOOOOOOO

নিট প্রশ্ন ফাঁসের প্রতিবাদে পড়ুয়াদের আন্দোলনে পুলিশি তৎপরতার অভিযোগ সহ একাধিক ইস্যুতে বিরোধীদের হই হট্টগোলের জেরে সংসদের উভয় সভার অধিবেশন আজও দফায় দফায় ব্যাহত। লোকসভা ও রাজ্যসভার অধিবেশন প্রথমে বেলা ১২টা এবং পড়ে দুপুর ২টো পর্যন্ত মুলতুবি।

সকাল ১১টায় লোকসভার অধিবেশন শুরু হলে প্রিসাইডিং অফিসার এন. কে. প্রেমচন্দ্রন প্রশ্নোত্তর পর্ব শুরু করতে চাইলেও বিরোধী সদস্যেরা নীট ইস্যুতে ছাত্র আন্দোলনের সময় পুলিশের ভূমিকা নিয়ে সরব হন এবং এ বিষয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-র বিবৃতি দাবি করেন। ক্রমাগত হট্টগোলের কারণে সভা বেলা ১২টা পর্যন্ত মুলতবি ঘোষণা করা হয়। এরপর ফের অধিবেশন বসলে বিরোধীরা একই ইস্যুতে প্রতিবাদে সরব হন। চিৎকার চেঁচামেচি চলতে থাকায় সভার কাজ দুপুর ২টো পর্যন্ত মুলতুবি হয়ে যায়।

রাজ্যসভাতেও একই চিত্র নজরে আসে। সকাল ১১টায় উচ্চ কক্ষের অধিবেশন বসলে ছাত্র আন্দোলনের সময় পুলিশি পদক্ষেপ সহ বিভিন্ন বিষয় নিয়ে সরব হন বিরোধীরা। এরই মধ্যে চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণন জিরো আওয়ারে আলোচনা শুরু করেন।

বিজেপির তরুণ চুঘ পাঞ্জাবে আইনশৃঙ্খলা পরিস্থিতির ক্রমাগত অবনতি এবং মাদকাসক্তি বৃদ্ধির বিষয়টি উত্থাপন করেন। অতিরিক্ত মাদক সেবনের কারণে এক বছরে ৮৯ জনের মৃত্যু হয়েছে। এরপরও, পাঞ্জাব সরকার মাদকাসক্তির সমস্যা নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নেয়নি বলে তাঁর অভিযোগ।

বিজেপির বাবুভাই জেসাঙভাই দেসাই গুজরাটে চাঁদিপুরা ভাইরাস-সিআইচপিভি সংক্রমণের বিষয়টি উত্থাপন করেন। এই রোগ মোকাবিলায় জাতীয় স্তরে প্রচার চালানোর জন্য আহ্বান জানান। বিরোধীদের হই হট্টগোল অব্যাহত থাকায় সভা প্রথমে বেলা ১২টা এবং পরে দুপুর ২টো পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয়।

oooooooooooooooo

লোকসভায় আজ ট্রাইব্যুনাল সংস্কার বিল, ২০২৬ আলোচনা ও পাশের জন্য উত্থাপন করা হয়েছে। প্রথমবার মুলতুবি হওয়ার পর বেলা ১২ টায় পুনরায় অধিবেশনে বসলে আইন ও ন্যায়বিচার প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বিলটি সভায় পেশ করেন। এই বিলের লক্ষ্য হল বিভিন্ন ট্রাইব্যুনালের চেয়ারপারসন এবং সদস্যদের যোগ্যতা, নিয়োগ, পরিষেবার ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি করা, ট্রাইব্যুনালগুলোর কাজকর্মে স্বচ্ছতা আনা। এই বিলে জাতীয় ট্রাইব্যুনাল কমিশন স্থাপনের প্রস্তাবও রয়েছে।

কয়লা ও খনি মন্ত্রী জি কিশন রেড্ডি, খনি ও খনিজ সম্পদ সংশোধনী বিল, ২০২৬ সভায় পেশ করেন। ১৯৫৭ সালে এসংক্রান্ত আইনের সংশোধনের সংস্থান রয়েছে এই বিলে।

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই কেরালা রাজ্যের নাম পরিবর্তন সংক্রান্ত বিল লোসভায় পেশ করেন।

OOOOOOOOOOOOOOOO

রাজ্যসভার তিনটি গুরুত্বপূর্ণ বিভাগ-সম্পর্কিত স্থায়ী সংসদীয় কমিটিতে সদস্য হিসেবে মনোনীত হলেন বিজেপির তিন রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব, সুখেন্দুশেখর রায় এবং প্রকাশচিক বরাইক। রাজ্যসভার চেয়ারম্যানের অনুমোদনে এই মনোনয়ন কার্যকর হয়েছে। তিন জনই এক সময়ে তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ ছিলেন। পশ্চিমবঙ্গে রাজনৈতিক পালাবদলের পর তাঁরা বিজেপিতে যোগ দেন।
জলসম্পদ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটিতে সদস্য করা হয়েছে সুস্মিতা দেবকে। কর্মিবর্গ, জনঅভিযোগ, আইন ও বিচার বিষয়ক স্থায়ী কমিটিতে জায়গা পেয়েছেন সুখেন্দুশেখর রায়। অন্যদিকে, উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সদস্য হয়েছেন প্রকাশচিক বরাইক।

OOOOOOOOOOOOOOOO

নাগরিকদের দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ এবং জাতীয় ঐক্য ও ভারতের সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপনে উৎসাহিত করার লক্ষ্যে দেশজুড়ে গতকাল “হর ঘর তিরঙ্গা” অভিযান শুরু হয়েছে। চলবে ১৭-ই আগস্ট পর্যন্ত।

(ইনসার্ট – হর ঘর তিরঙ্গা)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগরিকদের এই প্রচারাভিযানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করার এবং ‘বিকশিত ভারত’ গড়ে তোলার লক্ষ্যে সকলকে প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন।

বিহারে আজ শিল্প, সংস্কৃতি ও যুব বিষয়ক দফতরের উদ্যোগে তিরঙ্গা যাত্রা আয়োজন করা হয়। সকালে জে.পি. গোলাম্বর থেকে শুরু হয়ে কার্গিল চকে গিয়ে শেষ হয় এই যাত্রা। রাজ্যের বেশ কয়েকজন মন্ত্রী, বিধায়ক, সরকারি আধিকারিক সহ বিপুল সংখ্যক মানুষ এতে অংশ নেবেন।

দিল্লি মেট্রো রেল কর্পোরেশন - DMRC এই উপলক্ষ্যে ইয়েলো লাইনে একটি বিশেষ ট্রেন চালু করেছে।

মণিপুরে পশ্চিম ইম্ফল জেলার সিংজামেই-তে নিজের বাসভবন থেকে এই কর্মসূচিতে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী ইউমনাম খেমচাঁদ বলেন, জনগণ যেন নিজেদের প্রথমে ভারতীয় এবং তারপর মণিপুরী হিসেবে ভাবেন।

*oooooooooooooooo*

**হর ঘর তিরঙ্গা অভিযান** কর্মসূচির অঙ্গ হিসেবে আজ কলকাতায় তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই তিরঙ্গা যাত্রায় নেতৃত্ব দেবেন। দুপুরে গোষ্ঠ পাল সরণী থেকে শুরু হয়ে ভিক্টোরিয়া মেমোরিয়াল পর্যন্ত এই তিরঙ্গা যাত্রা হবে। বিভিন্ন দপ্তরের মন্ত্রীরা ছাড়াও প্রশাসনিক শীর্ষ কর্তা এবং বহু সাধারণ মানুষ এই তিরঙ্গা যাত্রায় অংশ নেবেন। প্রায় ৫০ হাজার মানুষ এতে অংশ নেবেন বলে আশা প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী।

*ooooooooooooooooo*

বস্ত্র মন্ত্রকের সচিব নীলম শামী রাও বলেছেন, আয় বাড়ানোর লক্ষ্যে ভারতীয় তাঁতি ও নকশাপ্রস্তুতকারকদের পরিবর্তনশীল বাজারকে কাজে লাগাতে হবে।
নতুনদিল্লিতে ন্যাশনাল হ্যান্ডলুম ডিজাইনারস কনক্লেভ-এর উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি বলেন, হ্যান্ডলুম ক্ষেত্রে নকশার গুরুত্ব অপরিসীম। কারণ নকশায় নতুনত্ব থাকলে পন্যের বিক্রি বাড়ে।তিনি দেশের বিভিন্ন প্রান্তের তাঁতি ও ডিজাইনারদের কাজের প্রশংসাও করেন।

বাইট – নীলাম শামি রাও

অনুষ্ঠানে জাতীয় হ্যান্ডলুম ডিজাইন প্রতিযোগিতার বিজয়ীকে বস্ত্র মন্ত্রকের সচিব সম্মানিত করেন ।

OOOOOOOOOOOOOOOO

চাকরির পরীক্ষায় প্রশ্নফাঁসের অভিযোগে ঝাড়খণ্ডে বিক্ষোভরত পড়ুয়ারা জয়পাল সিং মুন্ডা স্টেডিয়াম থেকে ঝাড়খণ্ড বিধানসভা পর্যন্ত মিছিল শুরু করেছে। ঝাড়খণ্ড পাবলিক সার্ভিস কমিশন-জেপিএসসি এবং ঝাড়খণ্ড স্টাফ সিলেকশন কমিশন-জেএসএসসি সংস্কার মঞ্চের নেতৃত্বাধীন ছাত্র আন্দোলন আজ ১৭ দিনে পড়ল। জেএসএসসি-সিজিএল পরীক্ষা বাতিল এবং যাবতীয় অনিয়মের সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন প্রতিবাদকারীরা।

এদিকে, মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের বাসভবনের সামনে প্রতিবাদ চলাকালীন বিরোধী দলনেতা বাবুলাল মারান্ডি এবং বিজেপির রাজ্য সভাপতি আদিত্য সাহু সহ একাধিক নেতাকে আটক করেছে পুলিশ।

OOOOOOOOOOOOOOOO

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারতের এশীয় সিংহের সংখ্যা ক্রমশ বাড়ছে এবং তাদের আবাসভূমি বিস্তৃত হচ্ছে।

বিশ্ব সিংহ দিবস উপলক্ষে আজ সমাজ মাধ্যমে পরিবেশ মন্ত্রী ভূপেন্দ্র যাদবের লেখা একটি প্রবন্ধ সকলের সঙ্গে ভাগ করে নিয়ে শ্রী মোদী বলেন, বন্যপ্রাণ সংরক্ষণে সরকারের অটল প্রতিশ্রুতি এবং জনগণের সক্রিয় অংশগ্রহণ দেশের বন্যপ্রাণ রক্ষার এক অনুপ্রেরণামূলক উদাহরণ।

প্রবন্ধে বলা হয়েছে, ২০২০ সালে প্রায় ৩০ হাজার বর্গকিলোমিটার থেকে সিংহের আবাসস্থলের বিস্তৃতি ২০২৫ সালে ১১টি জেলায় প্রায় ৩৫ হাজার বর্গকিলোমিটারে দাঁড়িয়েছে। পাশাপাশি প্রবন্ধে সিংহ সংরক্ষণে ভারতের সাফল্য তুলে ধরা হয়েছে । ২০১৫ সালের ৫২৩ টি থেকে ২০২৫ সালে সিংহের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৮৯১-এ।

OOOOOOOOOOOOOOOOO

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন দিল্লিতে তাঁর বাসভবনে সদ্যসমাপ্ত গ্লাসগো কমনওয়েলথ গেমসে পদকজয়ী ভারতীয় খেলোয়াড়দের সঙ্গে সাক্ষাৎ করেন। আলোচনার সময় অংশগ্রহণকারী খেলোয়াড়রা গেমসের অভিজ্ঞতা প্রধানমন্ত্রীর সঙ্গে ভাগ করে নেন। শ্রী মোদী বলেন, মর্যাদা কেবল ফিতা কেটে পাওয়া যায় না, বরং তা অর্জিত হয় তরুণ ছাত্র বা উদীয়মান ক্রীড়াবিদের মানসিকতা নিয়ে খেলায় অংশগ্রহণের মাধ্যমে।

বাইট – প্রধানমন্ত্রী মোদি(Sports Culture)

'খেলো ইন্ডিয়া'-র মর্যাদা আরও বাড়াতে তিনি খেলোয়াড়দের উৎসাহিত করেন । ভারতীয় ভারোত্তোলক সাইখোম মীরাবাই চানুর সঙ্গে কথা বলার সময় প্রধানমন্ত্রী উল্লেখ করেন, তাঁর বিজয় আগামী প্রজন্মের জন্য এক বিরাট প্রেরণা ।

বাইট – প্রধানমন্ত্রী মোদি (Inspire )

কেন্দ্রীয় যুব কল্যাণ ও ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডব্য ও মন্ত্রকের প্রতিমন্ত্রী রক্ষা নিখিল খাড়সেও কালকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গ্লাসগোয় এবারের কমনওয়েলথ গেমসে ভারত ১৩ টি সোনা, ১৭ টি রূপো ও ৯ টি ব্রোঞ্জ-সহ মোট ৩৯টি পদক জিতেছে।

OOOOOOOOOOOOOOOOOO

কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ জলপথগুলির ওপর নির্ভরতা কমানোর লক্ষ্যে রাশিয়া ও ভারতের মধ্যে সংযোগকারী একটি রেলপথ চালুর প্রস্তাব পরিকল্পনা করেছে। রাশিয়ার উপ-প্রধানমন্ত্রী মারাত খুসনুলিন জানিয়েছেন, ভারতের সঙ্গে সংযোগ স্থাপনের জন্যই এই ভাবনা। তুর্কমেনিস্তান, ইরান ও আফগানিস্তানের মধ্য দিয়ে এই পথটি যেতে পারে।

প্রস্তাবিত এই রেলপথটির সুদূরপ্রসারী ভূ-রাজনৈতিক ও অর্থনৈতিক প্রভাব পড়তে পারে বলে মনে করছে আন্তর্জাতিক মহল।

*oooooooooooooooo*

চীনের পূর্বাঞ্চল, বিশেষ করে সাংহাইসহ একাধিক এলাকায় টাইফুন ডলফিন আছড়ে পড়ার পর 10 লক্ষেরও বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। প্রবল বর্ষণ ও ঝড়ের কারণে পরিবহন ব্যবস্থা ব্যাপকভাবে ব্যাহত। আজ সাংহাইয়ে প্রায় এক হাজার ফ্লাইট বাতিল করা হয়েছে। কর্তৃপক্ষ বর্তমানে ডলফিনকে ট্রপিক্যাল স্টর্মের গোত্রভুক্ত করা হয়েছে। এর আগে চীন টাইফুনটির জন্য সর্বোচ্চ স্তরের রেড অ্যালার্ট জারি করেছিল। গতকাল ঝেজিয়াং প্রদেশের ইউহুয়ানে আছড়ে পড়ার সময় ঝড়ের গতিবেগ ছিল ঘণ্টায় ১৫০ কিলোমিটার। আজও ভারী বর্ষণের পূর্বাভাস দেওয়া হয়েছে শানডং, হেনান, হুবেই, আনহুই, জিয়াংসু ও ঝেজিয়াং প্রদেশে। সাংহাইতেও প্রবল বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। কর্তৃপক্ষ মানুষকে বাইরে বেরোনো এড়াতে অনুরোধ করেছে। ডিজনিল্যান্ড ও লেগোল্যান্ডের কিছু অংশ, এবং সাংহাইয়ের বুন্ড এলাকার ভিউয়িং প্ল্যাটফর্ম সহ বেশ কয়েকটি বড় পর্যটনকেন্দ্র বন্ধ রাখা হয়েছে ।

*oooooooooooooooo*

ডুরান্ড কাপ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ তাদের শেষ ম্যাচে CISF প্রটেক্টরসের বিরূদ্ধে খেলবে।  যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল চারটেয়। মোহনবাগান ইতোমধ্যেই নক আউট পর্বে পৌঁছে গেছে।

*ooooooooooooooooo*

*ooooooooooooooooo*